

জেলা পরিষদ
দিনাজপুর
www.zpdinaipur.gov.bd

গাছ বিক্রয়ের বিজ্ঞপ্তি নং ০২/২০২৩-২৪।

স্মারক নং জেপদি/এক-৭৭/২০২৩-২৪/ ১৪২৬

তারিখ: ১৯/১২/২০২৩ খ্রি:।

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, এ জেলা পরিষদের অধীন নিম্নবর্ণিত গাছ বিক্রয়ের উদ্দেশ্যে দরপত্র আহ্বান করা যাচ্ছে।


“দরপত্রের সময়সূচী”

দরপত্র ডাকের দফা	দরপত্র বিক্রয়ের শেষ তারিখ	দরপত্র দাখিলের তারিখ ও সময়	দরপত্র খোলার তারিখ, সময় ও স্থান	দরপত্র ক্রয় ও দাখিলের স্থান
১ম দফা	০২/০১/২০২৪ খ্রি: বেলা ৪.০০টা	০৩/০১/২০২৪ খ্রি: দুপুর ১২.৩০ মি:	০৩/০১/২০২৪ খ্রি: বেলা ৪.০০ ঘটিকা। জেলা পরিষদ, দিনাজপুর।	জেলা পরিষদ, দিনাজপুর/ জেলা প্রশাসকের কার্যালয় দিনাজপুর/ সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার,, দিনাজপুর।
২য় দফা	১০/০১/২০২৪ খ্রি: বেলা ৪.০০টা	১১/০১/২০২৪ খ্রি: দুপুর ১২.৩০ মি:	বেলা ৪.০০ ঘটিকা। জেলা পরিষদ, দিনাজপুর।	
৩য় দফা	১৭/০১/২০২৪ খ্রি: বেলা ৪.০০টা	১৮/০১/২০২৪ খ্রি: দুপুর ১২.৩০ মি:	বেলা ৪.০০ ঘটিকা। জেলা পরিষদ, দিনাজপুর।	

লট নং	গাছের বিবরণ	সরকারী মূল্য	সিডিউল মূল্য
১	দিনাজপুর জেলা পরিষদের মালিকানাধীন খানসামা উপজেলাধীন (বীরগঞ্জ-ভবানীপুর) জেলা পরিষদের রাস্তার পার্শ্বস্থ দিনাজপুর অংশের স্থিত বিভিন্ন প্রজাতির আকাশ মনি ৬টি, বহেরো ৩টি, অর্জন ৭৮টি, মেহগনি ৮৪টি, বেল ১টি,, কাঁঠাল ৬টি, আম ১৩টি, জ্বালানী ৯টি মোট ২০০টি গাছ (গাছের ক্রমিক ১-২০০)।	২,৮৫,৫৪৭/-	৫০০/-
২	দিনাজপুর জেলা পরিষদের মালিকানাধীন খানসামা উপজেলাধীন (বীরগঞ্জ-ভবানীপুর) জেলা পরিষদের রাস্তা পার্শ্বস্থ দিনাজপুর অংশের স্থিত বিভিন্ন প্রজাতির আকাশ মনি ১টি, বহেরো ৭টি, অর্জন ৫০টি, মেহগনি ৪৯টি, কাঁঠাল ৫টি, আম ৩৯টি, জাম ১৮টি, বকাইল ১টি, শিশু ১৫টি, কদম ১টি, জলপাই ৫টি, শিলকড়াই ৮টি, রেইন্ড্রি ৬টি, জারুল ২টি, কৃষ্ণচূড়া ১টি, পাখর ২টি, পিটালী ৪টি জংলী: ১টি মোট ২১৫ টি গাছ (গাছের ক্রমিক ২০১-৪১৫)।	৪,৩৩,০১৫/-	৫০০/-
৩।	দিনাজপুর জেলা পরিষদের মালিকানাধীন বিরামপুর উপজেলাধীন বিরামপুর কাটলা যাওয়ার (হাবিবপুর মোড় কাটলাহাট) রাস্তার দুই পার্শ্বের মৃত ও ঝুকিপূর্ণ বিভিন্ন প্রজাতির ৬২টি (গাছের ক্রমিক ১-৬২)।	৩,৩৬,৭৭৮/-	৫০০/-
৪।	দিনাজপুর জেলা পরিষদ অফিস চত্বরে ১টি রেইন্ড্রি কড়াই গাছের ৫ টুকরা ও সড়ক ও জনপথ বিভাগ অফিসের সামনে ৩ টুকরা কাঠ আছে।	২০,১০৪/-	৩০০/-
৫।	দিনাজপুর জেলা পরিষদের মালিকানাধীন ফুলবাড়ী উপজেলাধীন মাদিলাহাট জিসি হতে বিরামপুর জানিপুর এলাকার রাস্তার উপর ঝড়ে পড়া ১টি বট গাছ।	২,২৫০/-	২০০/-
৬।	দিনাজপুর জেলা পরিষদের মালিকানাধীন ঘোড়াঘাট ডাকবাংলো চত্বরে মরা/পোকা খাওয়া স্থিত ১টি আম গাছ, ১টি কাঁঠাল গাছ ও ৭টি শিশু গাছ মোট ৯টি গাছ।	৯,৭০১/২৫	৩০০/-

শর্তাবলী:

- ১। দরপত্রের সাথে দরপত্রদাতার ১(এক) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রজিন ছবি, জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি, সিডিউল ক্রয়ের মানি রশিদ কপি, ভ্যাট রেজিস্ট্রেশন সনদপত্র সত্যায়িত ফটোকপি, হালনাগাদ ট্রেড লাইসেন্স সত্যায়িত ফটোকপি, হাল নাগাদ আয়কর পরিশোধের সনদপত্রের সত্যায়িত ফটোকপি, জেলা পরিষদ কর্তৃক লাইসেন্সের সত্যায়িত ফটোকপি, জামানত/বায়নার টাকার মূল বিডি/পিও, দরপত্রের নিজ মোবাইল ফোন নম্বর উল্লেখসহ সত্যায়িত নমুনা স্বাক্ষর দিতে হবে। (প্রতি কাগজ আলাদা আলাদাভাবে সত্যায়িত করে সংযুক্ত করতে হবে)।
- ২। গাছের প্রদত্ত দরের ২৫% বিডি (ফেরতযোগ্য) “প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, দিনাজপুর” এর অনুকূলে দরপত্রের সঙ্গে সংযুক্ত করতে হবে।
- ৩। নির্ধারিত তারিখে দাখিলের জন্য বিক্রিত সিডিউল পরবর্তী দফার ক্ষেত্রে পুন: ব্যবহারযোগ্য হবে না। ১ম দফার দরপত্র সন্তোষজনক দর পাওয়া না গেলে একইভাবে পর্যায়ক্রমে ২য় ও ৩য় দফার দরপত্র আহ্বানের কার্যক্রম চলমান থাকবে।
- ৪। দরপত্র অনুমোদনের ১৫(পনের) দিনের মধ্যে প্রদত্ত দরের সমুদয় অর্থ জমাসহ শতকরা ১০% উৎসকর ও ৭.৫% ভ্যাট চালানোর মাধ্যমে ব্যাংকে জমা করতে হবে এবং পরবর্তীতে সরকার কর্তৃক জারীকৃত হাল সন নাগাদ পর্যন্ত আয়কর ও ভ্যাট একসাথে পরিশোধ করতে বাধ্য থাকবেন।
- ৫। সর্বোচ্চ দরদাতার দর গৃহীত হলে প্রদত্ত দরের টাকা জমা প্রদানের সময় জামানত বাবদ ১৫% বিডি জমা করতে হবে, যা পরবর্তীতে ফেরতযোগ্য।
- ৬। দরপত্রদাতা দরপত্র দাখিলের পূর্বে সবুজ চিহ্নিত গাছ অবশ্যই দেখে নিবেন। দরপত্র দাখিলের পর গাছ কম/নষ্টের অযুহাতে প্রত্যাহার করা যাবেনা। দাখিলকৃত দরপত্র প্রত্যাহার করলে অথবা দরপত্র গৃহীত হওয়ার পর সংশ্লিষ্ট লটের গাছ/কাঠ মরা, পঁচা, বা অন্য কোর ওজর আপত্তি উপস্থাপনপূর্বক লটের মূল্য পরিশোধ পত্র গ্রহণ করতে অস্বীকৃতি জানালে তার বায়নার টাকা সরকারী খাতে বাজেয়াপ্ত করা হবে। এতে দরপত্রদাতার কোন দাবী গ্রহণযোগ্য হবে না।।
- ৭। গাছ অপসারণের সময় বিদ্যমান স্থাপনা কিংবা কারো কোন প্রকার ক্ষতি হলে দরপত্রদাতা তাঁর নিজ দায়িত্বে তা মিটিবেন/সমস্যা সমাধান করবেন।
- ৮। দর উল্লেখের ক্ষেত্রে কাটাকাটি, ঘষামাজা চলবে না। সংশোধনের জন্য একটানে কেটে সংশোধন পূর্বক স্বাক্ষর করতে হবে। দরপত্রের সকল পৃষ্ঠায় দরদাতাকে স্বাক্ষর করতে হবে।
- ৯। দরপত্র দাতা কোন শর্ত আরোপ করতে পারবেন না।
- ১০। ১ম ও ২য় সর্বোচ্চ দরদাতার বিডি দরপত্র সম্পূর্ণ বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্তের পর এবং অন্যান্য দরদাতাদের বিডি পরবর্তী ধাপ সম্পর্কে সিদ্ধান্ত গ্রহণের ৩(তিন) দিন পর ফেরত প্রদান করা হবে।
- ১১। বনজন্ম পরিবহন (নিয়ন্ত্রণ) বিধিমালা ২০১১ অনুসারে গাছ অপসারণের সময় স্থানান্তর/পরিবহনের জন্য বন বিভাগের নিকট থেকে চলাচল পাশ(টিপি) গ্রহণ করতে হবে।
- ১২। কর্তৃপক্ষ কোন কারণ না দর্শিয়ে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলে ক্ষমতা সংরক্ষণ করেন।


(মোঃ মোখলেছুর রহমান
প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, দিনাজপুর।
ফোন: ০২৫৮৯৯২৩০৮২

ই-মেইল: zpdinaipur@lgd.gov.bd